সত্য সন্ধানে প্রতিদিন
বাংলাদেশ সময়
The Daily BANGLADESH SHOMOY
www.bangladeshshomoy.com
ঢাকা, শুক্রবার, ১৪ মার্চ ২০১৪ ¤ ৩০ ফাল্গুন ১৪২০ ¤ ১২ জমাদিউল আওয়াল ১৪৩৫ ¤ রেজি : নং ডিএ ৫০৩৫ ¤ বর্ষ ৭, সংখ্যা ৩২২

Last Page

ইউআইটিএসের সমাবর্তন ১৫ মার্চ

মাহাথির মোহাম্মদ সমাবর্তন বক্তা

নিজস্ব প্রতিবেদক

ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি এন্ড সায়েন্সেসের(ইউআইটিএস) 'দ্বিতীয় সমাবর্তন' ১৫ মার্চ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন (বিআইসিসি) কেন্দ্রে অনুষ্ঠিত হবে। সমাবর্তন বক্তা হিসেবে

▷▷ পৃষ্ঠা ৭ কলাম ৪

মাহাথির মোহাম্মদ

উপস্থিত থাকবেন আধুনিক মালেশিয়ার রূপকার ও সাবেক প্রধানমন্ত্রী তুন ড. মাহাথির বিন মোহাম্মদ। সভাপতিত্ব করবেন রাষ্ট্রপতি এবং বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর মো. আবদুল হামিদ। গতকাল ঢাকা রিপোর্টার্স ইউনিটির সাগর-রুনি মিলনায়তনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে ইউআইটিএস কর্তৃপক্ষ এই তথ্য জানায়। এবারের সমাবর্তনের মাধ্যমে বিভিন্ন বিভাগ থেকে স্নাতক ও স্নাতকোত্তর সম্পন্নকারী ৬০৮১ শিক্ষার্থীকে সনদ প্রদান করা হবে। সর্বোচ্চ সিজিপিএ অর্জনকারী ১৫ কৃতি শিক্ষার্থীকে বিভিন্ন ক্যাটাগরিতে স্বর্ণপদক প্রদান করা হবে। স্কুল অব সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং থেকে ৮ জন, স্কুল অব বিজনেস স্টাডিজ থেকে ৩ জন এবং স্কুল অব লিবারেল আর্টস অ্যান্ড সোস্যাল সায়েন্সেস থেকে ৪ জনকে এ স্বর্ণপদক প্রদান করা হবে বলে জানানো হয়। সংবাদ সম্মেলনে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. মুহাম্মদ সামাদ জানান,বিশ্ববিদ্যালয়টি তথ্য ও প্রযুক্তিবিদ তৈরি করে যাচ্ছে এবং তারা বিভিন্ন সেক্টরে কাজ করে দেশ ও সমাজের সেবায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন। এছাড়াও আমরা এদেশে স্বল্প খরচে উন্নত শিক্ষা দিয়ে যাচ্ছি। বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ড ও বৃহৎ শিল্প গোষ্ঠী